

## ইন্ডিগোর ফ্লাইটে পাওয়ার ব্যাংকে আগুন

- A Monitor Desk Report

Date: 06 May, 2026



**ঢাকাঃ** ভারতের হায়দরাবাদ থেকে চণ্ডীগড়গামী ইন্ডিগো এয়ারলাইনসের একটি ফ্লাইটে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

ভারতীয় সংবাদমাধ্যমের খবর অনুসারে, উড়োজাহাজটি যখন চণ্ডীগড় বিমানবন্দরে অবতরণের পর দাঁড়িয়ে ছিল, তখন এক যাত্রীর ব্যবহৃত পাওয়ার ব্যাংকে আগুন ধরে যায়। বুধবার (৫ মে) ৬ই-১০৮ ফ্লাইটে এই ঘটনা ঘটে।

ফ্লাইটের ভেতরে এক যাত্রীর ব্যক্তিগত পাওয়ার ব্যাংকে আগুন দেখতে পেয়ে দ্রুত ব্যবস্থা নেন কেবিন ক্রুরা। এয়ারলাইনস কর্তৃপক্ষ জানিয়েছে, নিরাপত্তার স্বার্থে ও বাড়তি সতর্কতা হিসেবে তাৎক্ষণিকভাবে ফ্লাইটটি খালি করার সিদ্ধান্ত নেওয়া হয়। ফ্লাইটের ভেতর থেকে সব যাত্রীকে দ্রুত সরিয়ে টার্মিনালে নিয়ে যাওয়া হয়।

সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, ইন্ডিগোর একজন মুখপাত্র বলেন, নিরাপত্তার স্বার্থে তাৎক্ষণিকভাবে যাত্রীদের সরিয়ে নেওয়া হয়েছে এবং সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়েছে। সব গ্রাহককে নিরাপদে টার্মিনালে স্থানান্তর করা হয়েছে এবং আমাদের একটি দল তাদের দেখাশোনা করছে।

এয়ারলাইনসটি আরও জানিয়েছে যে, উড়োজাহাজটি পুনরায় চলাচলের আগে প্রয়োজনীয় সব কারিগরি পরীক্ষা-নিরীক্ষা করা হবে।

-B